## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



## ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 23 MAY 2026 ,SATURDAY|২৩ মে ২০২৬ ,শনিবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-170


## বেহালা পশ্চিম বিধানসভার রাস্তা ও জল নিকাশির চূড়ান্ত অব্যবস্থা নিয়ে কলকাতা পৌরসভা কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করলেন ডাঃ ইন্দ্রনীল খাঁ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২২ মে :** বেহালা পশ্চিম বিধানসভার একাধিক জায়গায় দীর্ঘদিন ধরে রাস্তার বেহাল অবস্থা । যানবাহন তো দূরের কথা সাধারণ পথচলতি মানুষ ও রাস্তা দিয়ে ঠিকমতো চলাফেরা করতে পারেনা । এছাড়াও বেহালা পশ্চিম বিধানসভার বিভিন্ন এলাকায় জল নিকাশি ব্যবস্থার অবস্থা শোচনীয়। ১৫ বছরের তৃণমূল সরকারের আমলে রাস্তার উন্নয়ন মানে রাস্তায় বড় বড় আকারের গর্ত হয়ে যাওয়া । এছাড়া বৃষ্টির দিনে একটু বৃষ্টি তেই জল নিকাশি ব্যবস্থার করুন অবস্থার জন্য রাস্তায় জমে জল । রাস্তার বেহাল অবস্থা আর জল নিকাশি যন্ত্রণা বেহালা পশ্চিম বিধানসভার বাসিন্দাদের জন্য বড় সমস্যা। বেহালা পশ্চিম বিধানসভার দীর্ঘদিনের রাস্তার বেহাল অবস্থা ও জল নিকাশির চূড়ান্ত অব্যবস্থা নিয়ে শুক্রবার কলকাতা পৌরসভা কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করলেন বেহালা পশ্চিম বিধানসভা কেন্দ্রের বিজেপি বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ। সুত্রের খবর ,এদিন রাস্তার বেহাল দশা আর জল নিকাশি ব্যবস্থা নিয়ে কলকাতা পৌরসভার কর্তৃপক্ষের সঙ্গে বিস্তারিত আলোচনা হয় । যাতে আগামী দিনে বেহালা পশ্চিম বিধানসভার বাসিন্দাদের রাস্তা আর নিকাশি ব্যবস্থা নিয়ে যন্ত্রণায় পড়তে না হয় । তবে বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ এর এই উদ্যোগে আশার আলো দেখছে বেহালা পশ্চিমের বাসিন্দারা বলাই বাহুল্য।

## অসম মডেলে চলবে চা বাগান বাংলায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মে :** আগামী দিনে অসম মডেলে পরিচালিত হবে উত্তরবঙ্গের চা বাগানগুলো, স্পষ্ট বার্তা কালচিনি বিধায়ক বিশাল লামার। শুক্রবার আলিপুরদুয়ার ডেপুটি শ্রম আধিকারিককে সঙ্গে নিয়ে কালচিনি, ও বন্ধ মধু চা বাগান পরিদর্শন করেন তিনি। শ্রমিকদের সঙ্গে বৈঠকে দ্রুত ফাউলাই ভাতা চালুর আশ্বাসও দেওয়া হয়। গত বছরের নভেম্বর মাস থেকে কালচিনি ও রায়মাটাং বাগানে অচলাবস্থা চলছে, আর মে মাস থেকে বন্ধ মধু চা বাগান। মধু চা বাগান শ্রমিকদের অভিযোগ, দীর্ঘদিন ফর্ম পূরণ হলেও এখনও ভাতা মেলেনি। তবে বিধায়ক বিশাল লামা জানান, চা বাগানের হাল ফেরানোই তাঁদের প্রধান লক্ষ্য। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশে আগামী দিনে অসম মডেল সরেজমিনে পরিদর্শন করে, সেই মডেলেই এই রাজ্যের চা বাগানও পরিচালিত হবে।"

## নিকাশি সহ ডেঙ্গি মোকাবিলায় বৈঠকে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২২ মে :** বিগত কয়েক বছর ধরে কলকাতায় জল নিকাশি সমস্যা সহ ডেঙ্গির প্রকোপ বেড়েই চলেছে। ১৫ বছর ধরে ডেঙ্গি মোকাবিলায় ব্যার্থ তৃণমূল সরকার। তৃণমূল সরকার আমলে ডেঙ্গি তে মৃত্যু হলে ডেড সার্টিফিকেটে মৃত্যুর কারণ হিসাবে ডেঙ্গি না লেখার মৌখিক ফরমান জারি ছিল। ২০২৬ শে তৃণমূল সরকার এর পতন হয়েছে ,সদ্য সরকারে বসেছে বিজেপি। সামনেই বর্ষা ,বর্ষার আগেই জল নিকাশি সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানে তৎপর রাজ্য সরকার। শুক্রবার পুর ও নগরোন্নয়ন দপ্তরের আধিকারিক, পুর কমিশনার সহ রাজ্যের অন্য পুরসভার আধিকারিকদের নিয়ে এই বিষয়ে গুরুত্বপূর্ণ বৈঠক করেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। বৈঠক এর পর পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানান ,রাজ্যে বর্ষার ১৮ থেকে ২০ দিনের সময় রয়েছে, এই সময়ের মধ্যেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। এবার বাংলার মানুষের কোনো অসুবিধা না হয় সেটা দেখতে হবে। মন্ত্রী অগ্নিমিত্রা পাল এও জানান, আগামী সপ্তাহে ডেঙ্গি নিয়ে বৈঠক ডাকা হয়েছে । পাশাপাশি জমা জলে বিদ্যুৎ স্পৃষ্টের ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে কলকাতা পুরসভা ,কেমডিএ সহ সংশ্লিষ্ট সব সংস্থা কে নিয়ে আলাদা আলাদা বৈঠক করা হবে।

## শামুকতলায় বন্ধ গরু কেনাবেচা, ব্যবসায়ীদের মধ্যে হতাশা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মে :** ভোট গণনা শেষ হয়ে যাওয়ার পর থেকেই শামুক তলায় গরু কেনাবেচা বন্ধ হয়ে গেছে আর এর ফলে প্রভাব পড়েছে ব্যবসায়ী থেকে শুরু করে সাধারণ মানুষের মধ্যে। গ্রাম পঞ্চায়েত দপ্তরের সামনেই গরু কেনাবেচা হতো শুক্রবার হাটের দিনে। সরকারি পরিবর্তন হয়েছে আর এরপর থেকেই গরু কেনাবেচা বন্ধ হয়ে গেছে শামুক তলায়। গরু কেনাবেচা বন্ধের দরুন হাটে জনসংখ্যা অনেকটাই কম প্রভাব পড়েছে ব্যবসায়ীদের মধ্যে। বেশ কিছু ব্যবসায়ী বাজার ছেড়ে দিয়েছেন। খাবারের দোকানগুলোতে আগের মত আর বেচাকেনা নেই। জনসংখ্যা হাটে অনেকটাই কম। গরু কেনাবেচা বন্ধ হয়ে যাওয়ার দরুন হাটের বেচাকেনা অনেকটাই কমে গেছে।আগামীদিনে আরও শুনশান হয়ে যাবে সমর্থলা হাট।

# বিমান পরিষেবা চালুর সম্ভাবনা দেখছে আমজনতা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মে :** সরকারের পরিবর্তন হয়েছে। ডবল ইঞ্জিন সরকার ক্ষমতায় আসীন হওয়ার পরেই আশার আলো দেখছেন আলিপুরদুয়ার জেলা বাসী।বহু প্রতীক্ষিত হাসিমারা বিমানবন্দর থেকে বেসামরিক বিমান পরিষেবা চালুর প্রকল্পে বড় অগ্রগতি হওয়ার খবর সামনে আসতেই ডুয়ার্স জুড়ে ফের আশার সঞ্চার হয়েছে। বুধবার উত্তরকন্যায় অনুষ্ঠিত প্রশাসনিক বৈঠকে এই প্রকল্প নিয়ে গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে বলে জানা গিয়েছে।আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ মনোজ টিগ্গা দাবি করেছেন, হাসিমারা বিমানবন্দর থেকে বেসামরিক বিমান পরিষেবা চালুর জন্য জমি অধিগ্রহণে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সবুজ সংকেত দিয়েছেন। সাংসদের বক্তব্য অনুযায়ী, উত্তরকন্যায় মুখ্যমন্ত্রীর প্রথম প্রশাসনিক বৈঠকেই এই অনুমোদন দেওয়া হয়েছে।এই প্রসঙ্গে মনোজ টিগ্গা বলেন, “আমি মুখ্যমন্ত্রীর সামনে হাসিমারা থেকে বেসামরিক বিমান পরিষেবা চালুর বিষয়টি উত্থাপন করি। তিনি দ্রুত জমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করার এবং প্রকল্প এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছেন।”হাসিমারা থেকে বেসামরিক বিমান পরিষেবা চালুর দাবি বহুদিনের। প্রস্তাব অনুযায়ী, বাগডোগরা বিমানবন্দরের ধাঁচে হাসিমারা এয়ার ফোর্স স্টেশনের রানওয়ে ব্যবহার করা হবে এবং সংলগ্ন জমিতে পৃথক যাত্রী টার্মিনাল নির্মাণ করা হবে।ডুয়ার্সের কেন্দ্রস্থলে অবস্থিত হাসিমারা আলিপুরদুয়ার শহর এবং ভুটান সীমান্ত থেকে প্রায় ৪০ কিলোমিটারের মধ্যে অবস্থিত। এছাড়াও এই অঞ্চলের চারপাশে রয়েছে প্রায় ২০০টি চা-বাগান, ফলে এলাকাটির বাণিজ্যিক গুরুত্বও অত্যন্ত বেশি। অনেকেরই মত, হাসিমারা থেকে বেসামরিক বিমান পরিষেবা চালু হলে যোগাযোগ ব্যবস্থা, পর্যটন এবং বাণিজ্যে বড়সড় উন্নতি ঘটবে।তবে কেন্দ্র ও রাজ্য সরকারের মতবিরোধের জেরে প্রকল্পটি দীর্ঘদিন ধরে আটকে ছিল। ২০২২ সালের ৩০ জুন তৎকালীন কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া প্রাক্তন আলিপুরদুয়ার সাংসদ জন বার্লাকে লেখা এক চিঠিতে জানান, রাজ্য সরকার যদি ৩৭.৭৪ একর জমি দেয়, তবে বেসামরিক বিমান পরিষেবা চালু করা সম্ভব।আলিপুরদুয়ারের বাসিন্দা ল্যারি বোস বলেন, “আমরা বহু বছর ধরে এই দাবি জানিয়ে আসছি, কিন্তু কোনও বাস্তব অগ্রগতি হয়নি। আগে কেন্দ্র ও রাজ্য একে অপরকে দোষারোপ করত, আর সাধারণ মানুষ ভুগত। আমরা আশা করছি বর্তমান সরকার দ্রুত পদক্ষেপ নিয়ে বিমানবন্দর চালুর ব্যবস্থা করবে, কারণ ডুয়ার্স অঞ্চলের জন্য এটি সময়ের দাবি।”

# খুনের দায়ে ১৮ বছর পর দোষী সাব্যস্ত আদালতে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মে :** স্ত্রীর সামনে ধারালো ভোজালির কোপে স্বামীকে নৃশংসভাবে খুনের ঘটনায় দীর্ঘ ১৮ বছর পর দোষী সাব্যস্ত হলেন অভিযুক্ত। শুক্রবার আলিপুরদুয়ার জেলা আদালতের এডিশনাল ডিস্ট্রিক্ট অ্যান্ড সেশনস ফাস্ট ট্র্যাক কোর্ট অভিযুক্ত সুপোল মাহালিকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেয়। পাশাপাশি আদালত অভিযুক্তের বিরুদ্ধে ৫ হাজার টাকা জরিমানাও ধার্য করেছে। অনাদায়ে আরও এক মাসের কারাদণ্ড ভোগ করতে হবে বলে আদালত জানিয়েছে। ২০০৮ সালের ২২ অগস্ট শামুকতলা থানার অন্তর্গত কোহিনুর গ্রাম পঞ্চায়েতের শালধুরা এলাকায় ঘটে যায় ওই চাঞ্চল্যকর খুনের ঘটনা। সেদিন শামুকতলা হাট থেকে বাজার করে একই সাইকেলে বাড়ি ফিরছিলেন কাঞ্চন মাহালি ও তাঁর স্ত্রী সুদানি মাহালি। অভিযোগ, পথের মাঝেই আচমকা তাঁদের রাস্তা আটকে দাঁড়ান সুপোল মাহালি। প্রথমে বচসা শুরু হয়। এরপর হঠাৎই নিজের কাছে থাকা ভোজালি বের করে কাঞ্চনের ওপর ঝাঁপিয়ে পড়ে অভিযুক্ত। অভিযোগ, একের পর এক কোপ মারার পাশাপাশি কাঞ্চনের বুকে ভোজালি গেঁথে দেন সুপোল। রক্তাক্ত অবস্থায় ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন কাঞ্চন মাহালি। স্ত্রীর সামনেই মৃত্যু হয় তাঁর। ঘটনায় আতঙ্ক ছড়িয়ে পড়ে এলাকায়। খুনের ঘটনার অন্যতম প্রত্যক্ষদর্শী ছিলেন নিহতের স্ত্রী সুদানি মাহালি। ঘটনার পর তিনি শামুকতলা থানায় নির্দিষ্ট অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে দ্রুত অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ। এরপর শুরু হয় দীর্ঘ আইনি লড়াই। অভিযোগ ঘটনার পর থেকেই সাক্ষী তথা নিহতের স্ত্রীকে ভয়ভীতি দেখানো হচ্ছিল। আতঙ্কে তিনি দিল্লিতে চলে যান এবং দীর্ঘদিন কার্যত নিখোঁজ অবস্থায় ছিলেন। পরে পুলিশ তাঁকে খুঁজে বের করে ফের আলিপুরদুয়ারে নিয়ে আসে। সেই কারণেই মামলার বিচার প্রক্রিয়া সম্পূর্ণ হতে দীর্ঘ সময় লেগে যায়। সরকার পক্ষের আইনজীবী অমরেন্দ্রনাথ রায় বলেন 'ওই মামলায় মোট ১৩ জন সাক্ষ্য দিয়েছেন। সমস্ত তথ্যপ্রমাণ ও সাক্ষ্যের ভিত্তিতেই আদালত অভিযুক্তকে দোষী সাব্যস্ত করেছে। আদালতের রায়ে আমরা সন্তুষ্ট।' জানা গিয়েছে, নিহত কাঞ্চন মাহালির স্ত্রী সুদানি মাহালির প্রতি একতরফা আকর্ষণ তৈরি হয়েছিল অভিযুক্ত সুপোল মাহালির। সেই কারণেই পরিকল্পিতভাবে কাঞ্চনকে পৃথিবী থেকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেন তিনি। আর সেই পরিকল্পনারই পরিণতি ছিল দিনের আলোয় ঘটে যাওয়া ওই নৃশংস হত্যাকাণ্ড।

# মহকুমা শাসকের সঙ্গে বৈঠক আলিপুরদুয়ারের বিধায়কের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মে :** আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডের সংস্কার ও উন্নয়নকে কেন্দ্র করে মহকুমা শাসকের দপ্তরে অনুষ্ঠিত হল সর্বদলীয় বৈঠক। বৈঠকে উপস্থিত ছিলেন নবনির্বাচিত জনপ্রতিনিধি, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃত্ব, প্রশাসনিক আধিকারিক এবং ক্রীড়া ও সামাজিক সংগঠনের প্রতিনিধিরা।জানা গিয়েছে, দীর্ঘদিন ধরে আলিপুরদুয়ারের প্যারেড গ্রাউন্ডের পরিকাঠামোর বেহাল অবস্থার কারণে সাধারণ মানুষ, ক্রীড়াবিদ এবং বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে সংস্কারের দাবি উঠছিল। সেই দাবির ভিত্তিতেই এদিন মহকুমা শাসকের উদ্যোগে এই গুরুত্বপূর্ণ বৈঠকের আয়োজন করা হয়।বৈঠকে গ্রাউন্ডের ড্রেনেজ ব্যবস্থা, গ্যালারি সংস্কার, আলো ও পানীয় জলের ব্যবস্থা, নিরাপত্তা এবং নিয়মিত রক্ষণাবেক্ষণ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি ভবিষ্যতে বড় ক্রীড়া প্রতিযোগিতা ও সরকারি অনুষ্ঠান আয়োজনের উপযোগী করে প্যারেড গ্রাউন্ডকে গড়ে তোলার বিষয়েও মতামত দেন উপস্থিত সদস্যরা।প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, খুব শীঘ্রই একটি পূর্ণাঙ্গ পরিকল্পনা তৈরি করে সংস্কারের কাজ শুরু করা হবে। সর্বদলীয় বৈঠকে উপস্থিত প্রতিনিধিরাও উন্নয়নের স্বার্থে একসঙ্গে কাজ করার আশ্বাস দেন।

# অন্নপূর্ণা ভাণ্ডার নিয়ে সাংবাদিক বৈঠক করলেন বিডিও




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ মে :** আগামী পয়লা জুন থেকে শুরু হবে অন্নপূর্ণা ভাণ্ডার। লক্ষ্মীর ভান্ডার প্রাপক গন দেড় হাজার টাকার বদলে এখন থেকে ৩ হাজার টাকা পাবে মহিলারা। শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টা নাগাদ সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে এমনটাই জানিয়েছেন আলিপুরদুয়ার ২ ব্লকের বিডিও সন্দীপ ঘোষ। অন্নপূর্ণা যোজনা প্রাপকদের সব রকম সহযোগিতার জন্য আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসন বিশেষ শিবির শুরু করেছেন।কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের বিভিন্ন জনহিতকর প্রকল্পের সুবিধা দিতে শুক্রবার আলিপুরদুয়ার ২ ব্লকের পানবাড়ি এবং পূর্ব মাঝের ডাবরি এলাকায় জন ভাগিদারি অভিযানের আয়োজন করা হল ।বিডিও সন্দীপ ঘোষ জানান,আলিপুরদুয়ার ২ ব্লক প্রশাসনের উদ্যোগে গত ১৮ মে থেকে এই অভিযান শুরু হয়েছে। আগামী ২৫ মে পর্যন্ত চলবে । জন ভাগিদারি অভিযান ভারত সরকারের একটি জনসচেতনতামূলক ও সরকারি পরিষেবা সম্প্রসারণের বিশেষ উদ্যোগ। সবচেয়ে দূরে, সবচেয়ে প্রথমে এই মূলমন্ত্রের ওপর ভিত্তি করে, দুর্গম এলাকায় বসবাসকারী আদিবাসী এবং প্রান্তিক জনগোষ্ঠীর কাছে সরকারি প্রকল্প ও কল্যাণমূলক সুবিধা পৌঁছে দেওয়াই এই অভিযানের প্রধান লক্ষ্য বলে ব্লক প্রশাসনের কর্তারা জানিয়েছেন।

# বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস পালন শিলিগুড়ি সায়েন্স সিটির উদ্যোগে



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২২ মে :** ২২ মে আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস পালন করা হয় শিলিগুড়ি শহরের সরকারি ও বেসরকারি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে । সায়েন্স সিটির উদ্যোগে এই সচেতনতা মূলক অনুষ্ঠানে পরিবেশ এবং জীব বৈচিত্র নিয়ে আলোচনা করা হয়।অনুষ্ঠানে আগত অতিথিদের কয়েকজন জানালেন পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণের গুরুত্ব সম্পর্কে বর্তমান প্রজন্ম কে সচেতন করে তোলাই উদ্দেশ্য ছিল আজকের এই অনুষ্ঠানের।ছাত্রছাত্রীদের থেকে কয়েকজন বলে তারা আজকের এই অনুষ্ঠানের গুরুত্ব সম্পর্কে বুঝতে পেরেছে। পাশাপাশি তারা পরিবেশ এবং জীববৈচিত্র্য সংরক্ষনের ক্ষেত্রে সক্রিয় ভূমিকা গ্রহণ বলে বলে বার্তা দেয়।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |